

কাফ | Qaf | ق

আয়াতঃ ৫০ : ১৪

আরবি মূল আয়াত:

وَأَصْحَابُ الْاَيْكَةِ وَقَوْمُ تُبَّعٍ ۚ كُلُّ كَذَّابٍ الرَّسُلَ فَحَقَّ وَعِيدِ ﴿١٤﴾

অনুবাদসমূহ:

আইকার অধিবাসী ও তুব্বা' সম্প্রদায়। সকলেই রাসূলদেরকে মিথ্যাবাদী বলেছিল। — আল-বায়ান

আইকাবাসী ও তুব্বার জাতি। তারা সকলেই রসূলদেরকে মিথ্যা বলে অস্বীকার করেছিল, ফলে তাদের উপর আমার শাস্তি অবধারিত হয়েছিল। — তাইসিরুল

এবং আইকাহর অধিবাসী ও তুব্বা সম্প্রদায়; তারা সবাই রাসূলদেরকে মিথ্যাবাদী বলেছিল। ফলে তাদের উপর আমার শাস্তি আপতিত হয়েছে। — মুজিবুর রহমান

And the companions of the thicket and the people of Tubba'. All denied the messengers, so My threat was justly fulfilled. — Sahih International

১৪. আর আইকার অধিবাসী(১) ও তুব্বা সম্প্রদায়(২); তারা সকলেই রাসূলগণের প্রতি মিথ্যারোপ করেছিল(৩), ফলে তাদের উপর আমার শাস্তি যথার্থভাবে আপতিত হয়েছে।

(১) অর্থাৎ শু'আইব আলাইহিস সালামের জাতি। [ইবন কাসীর] এদের আলোচনা পূর্বেই সূরা আল-হিজর এর ৭৮ নং আয়াত ও সূরা আশ-শু'আরা এর ১৭৬ নং আয়াতের টিকায় করা হয়েছে। এ ছাড়াও এদের আলোচনা সূরা সাদ এর ১৩ নং আয়াতে এসেছে।

(২) ইয়ামনের সম্রাটদের উপাধি ছিল তোব্বা। [ইবন কাসীর] সূরা আদ-দোখানের ৩৭ নং আয়াতের ব্যাখ্যায় এ সম্পর্কে প্রয়োজনীয় আলোচনা করা হয়েছে।

(৩) অর্থাৎ তারা সবাই তাদের রাসূলের রিসালাতকে অস্বীকার করেছে এবং মৃত্যুর পরে তাদেরকে পুনরায় জীবিত করে উঠানো হবে তাদের দেয়া এ খবরও অস্বীকার করেছে। এখানে বলা হয়েছে যে, 'তারা সকলেই রাসূলগণকে মিথ্যাবাদী বলেছিল'। যদিও প্রত্যেক জাতি কেবল তাদের কাছে প্রেরিত রাসূলকেই অস্বীকার করেছিল। কিন্তু তারা যেহেতু এমন একটি খবরকে অস্বীকার করছিল যা সমস্ত রাসূল সর্বসম্মতভাবে পেশ করছিলেন। তাই একজন রাসূলকে অস্বীকার করা প্রকৃতপক্ষে সমস্ত রাসূলকেই অস্বীকার করার নামান্তর। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(১৪) এবং আয়কার অধিবাসী[১] ও তুব্বা' সম্প্রদায়,[২] তারা সবাই রসূলদেরকে মিথ্যাবাদী বলেছিল,[৩]

ফলে তাদের উপর আমার শাস্তির প্রতিশ্রুতি সত্য হয়েছে।

- [1] আয়কাবাসী সম্পর্কে জানার জন্য দেখুন, সূরা শুআ'রার ১৭৬নং আয়াতের টীকা।
- [2] তুবা' সম্প্রদায়ের জন্য দেখুন, সূরা দুখানের ৩৭ আয়াতের টীকা।
- [3] অর্থাৎ, এদের মধ্যে সকলেই নিজেদের নবীকে মিথ্যাজ্ঞান করেছে। এতে রয়েছে রসূল (সাঃ)-এর জন্য সাক্ষ্যনা। যেন তাঁকে বলা হচ্ছে যে, তোমাকে তোমার জাতির পক্ষ থেকে যে মিথ্যাবাদী মনে করা হচ্ছে তাতে দুঃখ করো না। কেননা, এটা কোন নতুন কথা নয়। তোমার পূর্বের নবীদের সাথে তাঁদের জাতিরাও এরূপ আচরণই করেছে। অন্য দিকে মক্কাবাসীদেরকে সতর্ক করা হচ্ছে যে, পূর্বের জাতিরা তাদের নবীদেরকে মিথ্যাবাদী মনে করার কারণে তাদের পরিণাম কি হয়েছে দেখে নাও? তোমরাও কি এ রকম পরিণাম পছন্দ করবে? যদি এ রকম পরিণাম পছন্দ না কর, তবে মিথ্যাভাবার পথ ত্যাগ কর এবং নবীর উপর ঈমান নিয়ে এসো।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4644>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন